রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ২৫, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪২৬বঙ্গাব্দ/২৪ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

নং **৫০.০০.০০০০.২০১.২২.০৬৩.১২-৯৬১**—বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ নীতিমালা-২০১৯ :

**১। পটভূমি :**

বিগত ২৭ জুন ২০১৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের (বাসেক) ১০৬তম বোর্ড সভার অনুমোদনক্রমে কর্তৃপক্ষে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের শিক্ষা বৃত্তি এবং মৃত কর্মচারীর দাফন-কাফন বা সৎকার সুষ্ঠু ও নির্বিঘ্নে সম্পন্ন করার নিমিত্ত মৃতের পরিবারকে এককালীন অনুদান প্রদানের লক্ষ্যে “বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ নীতিমালা-২০১৯” জারি করা হলো।

**২। শিরোনাম :**

এই নীতিমালা “বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ নীতিমালা-২০১৯” নামে অভিহিত হইবে।

**৩। লক্ষ্য ও উদ্দেশ্য :**

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা। এ সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন বিপদে-আপদে আর্থিক সাহায্য, দাফন-কাফন বা সৎকার এবং সন্তানদের শিক্ষা ব্যয় নির্বাহের

নিমিত্ত শিক্ষা বৃত্তি প্রদানের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে একটি নীতিমালার মাধ্যমে উক্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের আর্থিক সাহায্য প্রদান, শিক্ষার মান উন্নয়ন ও ক্রমবর্ধমান শিক্ষা ব্যয় নির্বাহ করা হবে।

(ক) কর্তৃপক্ষের কোন কর্মকর্তা বা কর্মচারী চাকরিকালীন সময় মৃত্যুবরণ করিলে তাহার পরিবারকে আর্থিক সাহায্য প্রদান;

(খ) কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং তাহাদের মেধাবী সন্তানগণের শিক্ষার জন্য আর্থিক সাহায্য হিসাবে এককালীন মঞ্জুরী বা বৃত্তি প্রদান;

(গ) কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তানগণের যুগোপযোগী শিক্ষার জন্য স্কুল-কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনা;

(ঘ) এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে অন্য যে কোন কার্য সম্পাদন।

(ঙ) ইহা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর রাজস্ব বাজেটভুক্ত সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। **সংজ্ঞা :**

(১) "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ" বা "কর্তৃপক্ষ" অর্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন ২০১৬ এর ধারা ৪ এর অধীন গঠিত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ;

(২) "কল্যাণ নীতিমালা" অর্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ নীতিমালা;

(৩) "সদস্য" অর্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০-এর **উপবিধি ২(৮) এ বর্ণিত সদস্য; এবং**

(৪) "পরিবার" অর্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০-এর উপবিধি ২(৫) এ বর্ণিত পরিবার। তবে শর্ত থাকে যে, পুরুষ কর্মচারীর বর্তমান স্ত্রীর পূর্বে বিবাহ হইয়া থাকিলে এবং উক্ত ঘরে/সংসারে কোন সন্তান থাকিলে উক্ত সন্তান/সন্তানগণ পরিবারের সদস্য বলিয়া গণ্য হইবে না। অনুরূপভাবে মহিলা কর্মচারীর বর্তমান স্বামীর পূর্বে বিবাহ হইয়া থাকিলে এবং উক্ত ঘরে/সংসারে কোন সন্তান থাকিলে উক্ত সন্তান/সন্তানগণ পরিবারের সদস্য বলিয়া গণ্য হইবে না।

৫। **বার্ষিক বৃত্তি প্রদান, ইত্যাদি :**

(১) কোন সদস্যের সন্তানের শিক্ষা ব্যয় নির্বাহের নিমিত্ত কল্যাণ ট্রাস্টের তহবিল হইতে এক সন্তানের জন্য বার্ষিক সর্বোচ্চ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং সর্বোচ্চ ২ (দুই) সন্তানের জন্য বার্ষিক ১০,০০০.০০ (দশ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদান করা যাইবে;

(২) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০-এর উপবিধি ২২(১) এ বর্ণিত বাছাই কমিটি উপরিউক্ত আর্থিক সুবিধা প্রাপ্তির জন্য জমাকৃত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সুপারিশ করিবে; এবং

(৩) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কল্যাণ ট্রাষ্ট বিধিমালা, ২০১০-এর বিধি ৬ এ উল্লেখিত ট্রাস্টি বোর্ড বৃত্তি প্রদানের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৬। **দাফন-কাফন/সৎকারের জন্য অনুদান :**

কোন সদস্য চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে মৃতের পরিবারকে দাফন-কাফন বা সৎকারের জন্য এককালীন অনুদান বাবদ ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা যাইবে।

৭। **অস্পষ্টতা দূরীকরণ :**

অত্র নীতিমালা অনুসরণের ক্ষেত্রে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ বিভাগ/মন্ত্রণালয়ের ব্যাখ্যা/সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। **সংশোধন/পরিবর্তন ও পরিবর্ধন :**

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যে কোন সময় অত্র নীতিমালায় প্রয়োজনীয় সংশোধন/পরিবর্তন ও পরিবর্ধন করা যাইবে। ইহাছাড়া সরকার কর্তৃক এতদ্বিষয়ে সময় সময় জারীকৃত সকল আদেশ/নির্দেশ অত্র নীতিমালার অংশ হিসাবে গণ্য হইবে।

৯। এই নীতিমালা “বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১০” এর অধীন পরিচালিত হবে।

বোর্ডের নির্দেশক্রমে

**মোহাম্মদ বেলায়েত হোসেন**
নির্বাহী পরিচালক।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd